দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

164

তারিখ 07 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 6

128

আজ সকাল ৮টা থেকে নির্বাচনী প্রচারণা নিষিদ্ধ

07 FEB 1989

# আগামীকাল ডাকসু নির্বাচন ভোটারের সংখ্যা ২৬ হাজার

।। স্টাফ রিপোর্টার ।।

দীর্ঘ সাত বছর পর আগামীকাল ডাকসু নির্বাচন। আজ সকাল ৮টা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় নির্বাচনী প্রচারণা নিষিদ্ধ। নির্বাচনী প্রচারণার শেষ দিন হিসেবে গতকালের ক্যাম্পাস ছিল উৎসবমুখর। বিভিন্ন প্যানেলের প্রার্থী ও সমর্থকগণ বর্ণাঢ্য মিছিল, শোভাযাত্রা আর সভা-সমাবেশের মধ্য দিয়ে গতকালের দিনটি অতিবাহিত করেছেন।

অপরদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও নির্বাচনী প্রস্তুতি চূড়ান্ত করেছেন। ছাত্র, শিক্ষক, অফিসার ও কর্মচারী মিলে প্রায়

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## দুদু-রিপণ পরিষদকে জয়যুক্ত করার আহবান

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলা ছাত্র লীগের ১২ জন সাবেক ছাত্র নেতা সন্ত্রাস প্রতিরোধ, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ সৃষ্টি ও গণতন্ত্র পুনরুদ্ধারের লক্ষ্যে ডাকসু নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র দল মনোনীত দুদু-রিপণ পরিষদকে জয়যুক্ত করার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি উদাত্ত আহবান জানিয়েছেন।

বিবৃতিদাতারা হচ্ছেন— বাংলা ছাত্র লীগের সাবেক সাধারণ সম্পাদক জনাব ইব্রাহীম রহমান, সাবেক সহ-সভাপতি

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## ক্যাম্পাস এখন জমজমাট

।। ইনকিলাব রিপোর্ট ।।

চা'র দোকানে ভিড়ের অন্ত নেই। মেয়েদের ভিড়, মেয়ে-ছেলেদের যৌথ ভিড়। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র দলের ঘোড়ার গাড়ীর মিছিল আর প্রচারণা। মাইকে প্রার্থীদের অঙ্গীকার,

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## দুদু-রিপন পরিষদের প্রতি ২ ছাত্র লীগের সমর্থন

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ ছাত্র লীগ (জলিল-লুৎফর) ও গণতান্ত্রিক ছাত্র লীগ মনোনীত ডাকসু নির্বাচনে অংশগ্রহণকারী বকর-মঈন পরিষদ বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র দল মনোনীত ডাকসু নির্বাচনে অংশগ্রহণ কারী দুদু-রিপন পরিষদের প্রতি সর্বাত্মক সমর্থন ঘোষণা করেছে। ছাত্র লীগের

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন



গতকাল ডাকসু ভবনে ছাত্র দলের ডাকসু প্রার্থীদের সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বক্তব্য রাখেন —ইনকিলাব

সাংবাদিক সম্মেলনে দুদু-রিপন প্যানেলের বক্তব্য

# নির্বাচন সুষ্ঠু ও অবাধ হলে ছাত্র দলের বিজয় সুনিশ্চিত

।। স্টাফ রিপোর্টার ।।

আসন্ন ডাকসু নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্র দল মনোনীত প্যানেলের বিজয় সুনিশ্চিত বলে উল্লেখ করে নেতৃবৃন্দ দৃঢ়তার সাথে বলেছেন, নির্বাচন অবাধ ও সুষ্ঠু হলে আমরাই বিজয়ী হবো।

গতকাল বিকেলে ডাকসু ভবনে ছাত্র দলের পক্ষ থেকে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ উপরোক্ত কথা বলেন। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন ছাত্র দল মনোনীত ভিপি প্রার্থী

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

দৈনিক ইনকিলাব

তারিখ 07 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 6

## ছাত্র লীগ

প্রথম পৃষ্ঠার পর

সাধারণ সম্পাদক খন্দকার লুৎফর রহমান ও গণতান্ত্রিক ছাত্র লীগের সাধারণ সম্পাদক জনাব সাইফ উদ্দিন মনি একথা জানান।

গতকাল সংগ্রামী ছাত্রজোট নেতৃবৃন্দ পারস্পরিক আলোচনা ও মতামত বিনিময় সাপেক্ষে এক যৌথ সিদ্ধান্তে বকর-মঈন পরিষদ তাদের প্রার্থীপদ প্রত্যাহারের কথা ঘোষণা করেন।

**প্রত্যাহার**

জাতীয়তাবাদী ছাত্র দল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম আহবায়ক ও ডাকসু নির্বাচনে পরিবহন সম্পাদক পদপ্রার্থী খোন্দকার জাহাঙ্গীর আলম তার প্রার্থিতা প্রত্যাহার করে দলীয় স্বার্থে জনাব ইফতেখার উদ্দিন রাজার প্রতি সমর্থন জ্ঞাপন করেছেন।

## বহিরাগতদের ক্যাম্পাসে থাকা নিষিদ্ধ

ডাকসু ও হল সংসদসমূহের আসন্ন নির্বাচন উপলক্ষে আজ সকাল ৮টার পরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বা আবাসিক হলে কোন বহিরাগত, অছাত্র বা অপরিচিত ব্যক্তি থাকতে পারবে না। এ নির্দেশ অমান্যকারীকে পুলিশে সোপর্দ করা হবে। বিশ্ববিদ্যালয়ের সকল আবাসিক ও অনাবাসিক ছাত্র-ছাত্রীকে আবারও স্মরণ করিয়ে দেয়া হয়েছে যে, আজ সকাল ৮টার পর হতে তাদেরকে অবশ্যই নিজ নিজ পরিচয় পত্র সঙ্গে রাখতে হবে।

**ভিসি'র আবেদন**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান এক বিবৃতিতে ডাকসু নির্বাচন সুশৃঙ্খল এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার কাজে সহায়তা করার জন্য ছাত্রসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আবেদন জানিয়েছেন। প্রেস বিজ্ঞপ্তি।

## জয়যুক্ত করার আহবান

প্রথম পৃষ্ঠার পর

জনাব কায়সার রিয়াজুল হক, সহ-সভাপতি জনাব নাসির উদ্দিন, জনাব জয়নাল আবেদীন, জনাব কাজী আতাহার উদ্দিন, জনাব শামসুল আলম, জনাব এনামুল হক, জনাব সাইদুর রহমান সাইদ, কাজী জ্যোৎস্না, জনাব আবদুল কুদ্দুস, জনাব রশিদ নোমান ও জনাব কালাম ঠাকুর।

## ডাকসু নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

২ হাজার লোককে নির্বাচনী কাজে নিযুক্ত করা হয়েছে। ভোটার সংখ্যা বেড়ে এখন ২৬ হাজারে দাঁড়িয়েছে। হল সংসদগুলোর জন্য সর্বমোট ২৬ হাজার ব্যালট পেপার ছাপানো হলেও ডাকসুর জন্যে ২২ হাজার ব্যালট পেপার ছাপানো হয়েছে। ৯৪টি ব্যালট বাক্স তৈরী করা হয়েছে— যেগুলো আগামীকাল ভোরে ভোট কেন্দ্রে পাঠানো হবে। নির্বাচনী প্রস্তুতির জন্য আজ দুপুর থেকেই ক্লাস স্থগিত থাকবে।

আগামীকাল সকাল ৮টা থেকে বেলা ২টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। বৃহস্পতিবার ভোরে ভোট গণনা সম্পন্ন করা সম্ভব হবে বলে কর্তৃপক্ষ আশাবাদ ব্যক্ত করেছেন। অন্যান্য বছর হল সংসদের ভোট গণনা স্ব স্ব হলে সম্পন্ন করা হলেও এবার ডাকসুর ন্যায় হলের ভোটও কলাভবনে গণনা করা হবে। প্রথমদিকে এজেন্ট না রাখার কথা বলা হলেও গতকাল এক বৈঠকে কর্তৃপক্ষ প্রার্থীদের পক্ষে এজেন্ট রাখার সিদ্ধান্ত নিয়েছেন। তবে ভোট গণনার সময় তারা যখন-তখন কক্ষ ত্যাগ করতে পারবেন না। ডাকসুর ইতিহাসে এবারই প্রথমবারের মত জাল ভোট এড়ানোর জন্য ভোটারদের হাতে কালি লাগানো হবে। ইতিপূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন অন্ধ ছাত্র-ছাত্রী ছিল না। এবার ভোটার তালিকায় কয়েকজন অন্ধ ছাত্র-ছাত্রীর নাম রয়েছে। প্রিজাইডিং অফিসারের সহযোগিতায় তারা ভোট দান করবেন।

## ক্যাম্পাস

প্রথম পৃষ্ঠার পর

নিজ নিজ পরিষদের পক্ষে গান আর করতালি। এই নিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের টিএসসি'র সড়ক দ্বীপ আর মোড়গুলো কলরবমুখর। রোকেয়া আর শামসুন নাহার হলে দুদু-রিপণ পরিষদের পক্ষে শ্লোগান 'দুদু-রিপণ পরিষদের ভয়ে ওরা ঐক্য প্যানেল দিল রে'। সকল হল গেটে প্রার্থীদের ভিড়। টিএসসি'র সড়ক দ্বীপ প্রাণচাঞ্চল্যে ভরা এক উত্তপ্ত জনপদ। কলাভবন এলাকায় ছাত্র সংগ্রাম পরিষদ আর জাতীয়তাবাদী ছাত্র দলের পাশাপাশি শান্তিপূর্ণ মিছিল সাধারণ ছাত্রদের দৃষ্টি আকর্ষণ করে।

সকল স্থানে দলে দলে বাদাম, বিস্কুট, চা-চানাচুর খাওয়ার হিড়িক। নির্বাচনের সুযোগ নিয়ে সুযোগ সন্ধানী বন্ধুরাও পিছিয়ে নেই। বান্ধবীদের আইসক্রীম খাওয়াতে গিয়ে বন্ধুর পকেট খালি হচ্ছে। প্রার্থীরা কাছে না থাকলেও প্রার্থীর সৌজন্যে ভায়া মিডিয়ায় চাইনীজ খাওয়ার সৌভাগ্যও ঘটছে কারো কারো। এই নির্বাচনী হাওয়ায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রেম-ভালবাসার ব্যাপারটিও আর উপেক্ষিত নয়। অবাধ মেলামেশা আর নির্বাচনী হাওয়ায় কারো প্রেম গভীর হচ্ছে, কারো বা ভেঙ্গে যাচ্ছে। কেউবা এই সুযোগে প্রেমের নতুন সূত্র খুঁজে নিচ্ছে। এসব মিলিয়ে গত কয়েকদিনে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এক জমজমাট পরিবেশের জন্ম দিয়েছে।

হৃদয়ের চাওয়া-পাওয়ার দ্বন্দ্বে ডাকসু নির্বাচনকে কেন্দ্র করে প্রেমিক-প্রেমিকার নিবিড় সম্পর্কে ফাটল ধরেছে। কারো কারো প্রেমে ছেদ পড়ছে। প্রেমিক হয়তো এক দলের সমর্থক, প্রেমিকা আরেক দলের। এই নিয়ে মতদ্বন্দ্বের শেষ নেই। রাজনৈতিক আদর্শের কাছে প্রেম হেরে যাচ্ছে। দীর্ঘ ক'বছরে যে দুই যুবক-যুবতী মনের কাছাকাছি এসেছিল, এক মোহনায় মিলিত হয়েছিল।

গতকাল ভোর থেকে মধ্যরাত পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বত্র নির্বাচনী প্রচারণা চলেছে। নির্বাচনী শ্লোগানে ক্যাম্পাসের দেয়াল ভরপুর। পোস্টার, ব্যানারে ছেয়ে আছে ক্যাম্পাসের সর্বত্র। প্রার্থীরা ধর্ণা দিচ্ছেন ভোটারদের কাছে। কক্ষে কক্ষে তাদের পদচারণা।

ভোট দেয়া না দেয়া অন্তরের ব্যাপার হলেও প্রার্থীদের স্বাগত জানাতে অধিকাংশ ভোটারেরই আন্তরিকতার কমতি নেই। তবে কোন কোন ভোটারের ক্ষেত্রে ব্যতিক্রমও লক্ষণীয়। অনেক ভোটার কক্ষের দরজায় স্লিপ এঁটেছেন— "বিরক্তি কাম্য নয়; আপনি যদি প্রার্থী হয়ে থাকেন তবে ভিতরে প্রবেশ না করে আপনার লিফলেট দরজার নীচ দিয়ে রেখে যান। আপনার প্রতি সদয় হবো"। নির্বাচনী প্রচারণার শেষ দিন হিসেবে গতকাল সকাল থেকেই বিভিন্ন হল হতে বিভিন্ন প্যানেলের সমর্থকগণ কলাভবন এলাকায় সমবেত হন। বিশেষ করে, জাতীয়তাবাদী ছাত্র দলে কর্মী-সমর্থকগণ দুদু-রিপন পরিষদের সমর্থনে বর্ণাঢ্য বেশে ডাকসু ভবন সংলগ্ন মধুর কেন্টিন চত্বরে সমবেত হয়ে সকাল থেকে দুপুর পর্যন্ত বিশ্ববিদ্যালয় এলাকায় বিরামহীন গতিতে মিছিল করেন। মিছিলের অগ্রভাগে ঘোড়ার গাড়ীতে বসে সঙ্গীতের তালে তালে দুদু-রিপন পরিষদের সমর্থনে ছাত্র-ছাত্রীদের প্যারিডি গান ছিল গতকালের উৎসবমুখর ক্যাম্পাসের বিশেষ আকর্ষণ। ছাত্র দলের বিশাল মিছিলে বহু সংখ্যক মোটর সাইকেল আরোহীর পিছনেই ছিলেন শামসুজ্জামান দুদু ও আসাদুজ্জামান রিপনসহ পরিষদের অন্যান্য নেতৃবৃন্দ। মিছিলটি মধুর কেন্টিন থেকে কলাভবন ঘুরে সায়েন্স এনেক্স হয়ে কার্জন হল এলাকায় যায়।

সেখানে এক পরিচিতি সভায় দুদু, রিপন ছাড়াও আমানুল্লাহ আমান বক্তৃতা করেন। পরিচিতি সভা শেষ করে ডাকসু ভবনে এসে মিছিলটি যখন শেষ হয় বেলা তখন অপরাহ্ন।

গতকাল বটতলায় ছাত্র সংগ্রাম পরিষদ মনোনীত সুলতান-মুশতাক প্যানেলের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ডাকসু ও হলের প্যানেলকে পরিচয় করিয়ে দেন যথাক্রমে জহিরউদ্দিন স্বপন ও মোস্তফা ফারুক। মোহাম্মদ তাহের উল্লাহর সভাপতিত্বে এই সভায় ভিপি ও জিএস পদপ্রার্থী ছাড়াও নাজমুল হক প্রধান, আবদুর রহমান, আবেদ রাজা প্রমুখ বক্তৃতা করেন। পরিচিতি সভা শেষে ছাত্র সংগ্রাম পরিষদের কর্মী-সমর্থকগণও বড় ধরনের একটি মিছিল বের করেন।

গতকাল জাসদ (রব) সমর্থক ছাত্র লীগ (বজলু-আজম)-এর আজম-রেজা পরিষদ, ছাত্র ফেডারেশনের ফয়জুল-ফারুক, ছাত্র লীগ (জ-লু) ও গণতান্ত্রিক ছাত্র লীগের বকর-মঈন পরিষদের পক্ষেও ক্যাম্পাসে মিছিল হয়েছে। তবে গতকাল পর্যন্ত ইসলামী ছাত্র শিবিরের শামসু-আমীন পরিষদের কোন তৎপরতা লক্ষ্য করা যায়নি।